সমকাল

তারিখ: 27 AUG 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ...

# পরীক্ষা ও ফল প্রকাশ নিয়ে শুরুতেই আশাভঙ্গ

**ঢাবির অধিভুক্ত সাত কলেজ**

■ কামরান সিদ্দিকী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সাত কলেজের ২০১১-১২ সেশনের স্নাতক সম্মান চতুর্থ বর্ষের পরীক্ষা শেষ হলেও ফল প্রকাশিত হয়নি। অধিভুক্ত হওয়ার 'ডামাডোলে' এ সেশনের শিক্ষার্থীদের পরীক্ষা শেষ হতেই লাগে সাত মাস। জাতীয় বিশ্ববিদ্যালয়ভুক্ত কলেজের একই সেশনের শিক্ষার্থীরা জুনে তাদের ফল পান। ওই সাত কলেজের শিক্ষার্থীরা জানেন না, তাদের ফল কবে প্রকাশ করা হবে। ঢাবিতে অধিভুক্ত হওয়ার ঘোষণা আসার পর থেকে কলেজগুলোর শিক্ষার্থীরা আশার আলো দেখছিলেন। তবে শুরুতেই তাদের আশাভঙ্গ হয়েছে। পরীক্ষা ও ফল প্রকাশের দীর্ঘসূত্রতায় চিন্তিত অন্য সেশনের শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা। পাশাপাশি প্রতিযোগিতামূলক চাকরির বাজারে বিভিন্ন ধরনের বিজ্ঞপ্তি প্রকাশিত হলেও তারা আবেদন করতে পারছেন না।

জানা যায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১১-১২ শিক্ষাবর্ষের স্নাতক সম্মান ■ পৃষ্ঠা ১৭ : কলাম ১

## পরীক্ষা ও ফল প্রকাশ নিয়ে

[তৃতীয় পৃষ্ঠার পর]

চতুর্থ বর্ষের চূড়ান্ত পরীক্ষা ৩ জানুয়ারি শুরু হয়। পরের মাসের ৫ তারিখে পরীক্ষা শেষ হয়। এরই মধ্যে ১৬ ফেব্রুয়ারি রাজধানীর পুরনো সাত সরকারি কলেজকে ঢাবির অধিভুক্ত করা হয়। সেগুলো হচ্ছে- ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ। এসব কলেজের চতুর্থ বর্ষের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা তখনও বাকি ছিল। ঢাবিতে অধিভুক্ত হওয়ার কারণে তাদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা পিছিয়ে যায়। অন্যদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কলেজগুলোর পরীক্ষা শেষ হয়ে জুনে ফল প্রকাশ করা হয়।

সরকারি তিতুমীর কলেজের গণিত বিভাগের শিক্ষার্থী মো. রাসেল সমকালকে জানান, ঢাবি কর্তৃপক্ষ পরীক্ষা নিতে পাঁচ মাস সময়ক্ষেপণ করে। ১৬ জুলাই তাদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। কবে ফল প্রকাশ হবে সে বিষয়ে শিক্ষকরা কিছু বলতে পারছেন না। তিনি বলেন, স্যারদের জিজ্ঞেস করলে বলেন, ঢাবি কর্তৃপক্ষই বলতে পারবে।

সরকারি বদরুন্নেসা কলেজের অধ্যক্ষ হোসনে আরা শেফালী বলেন, দুই বিশ্ববিদ্যালয়ের অধীনে পরীক্ষা হওয়ার কারণে ওই ব্যাচটি পিছিয়ে গেছে। দ্রুত ফল প্রকাশ করা হবে বললেও কবে নাগাদ হতে পারে সে ব্যাপারে কোনো ধারণা দিতে পারেননি তিনি।

ঢাকা কলেজের অধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন বলেন, চলতি মাসের প্রথম দিকে গণিত ও ম্যানেজমেন্ট বাদে অন্যদের বিষয়ের ফল প্রকাশের জন্য বলা হয়েছিল। কারণ এ দুই বিভাগের পরীক্ষা কমিটির সদস্যদের কেউ কেউ ছুটিতে থাকায় পরীক্ষা নিতে দেরি হয়েছিল। তবে ঢাবি কর্তৃপক্ষ একসঙ্গে সব বিভাগের ফল প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে। তিনি জানান, ৯ আগস্ট ওই দুই বিভাগের পরীক্ষা শেষ হয়েছে। দু-একদিনের মধ্যেই ফল প্রকাশ করা হতে পারে।

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ বর্ষের স্নাতক চূড়ান্ত পরীক্ষা ইতিমধ্যে শুরু হয়েছে। সাত কলেজের ২০১২-১৩ বর্ষের পরীক্ষার সূচি এখনও দিতে পারেনি ঢাবি কর্তৃপক্ষ। অন্যদিকে শিক্ষার্থীদের তীব্র আন্দোলনের মুখে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের মাস্টার্স পরীক্ষার সূচি প্রকাশ করা হয়েছে। সূচি প্রকাশ করা হলেও যথাসময়ে পরীক্ষা শুরু নিয়ে শিক্ষার্থীদের অনেকেই আশঙ্কা প্রকাশ করেছেন। তবে আশঙ্কার কোনো কারণ নেই জানিয়ে অধ্যাপক মোয়াজ্জেম হোসেন বলেন, যথাসময়ে পরীক্ষা শুরু হবে। যারা স্বল্প প্রস্তুতিতে পরীক্ষা দিতে চায়, তারাই এমন কথা বলছে।

ঢাবি উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ২০১১-১২ সেশনের শিক্ষার্থীদের লিখিত পরীক্ষার ফল আনা হয়েছে। এগুলো ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলের সঙ্গে যোগ করা হচ্ছে। শিগগির ফল প্রকাশ করা হবে।

২০১৪ সালের ৩১ আগস্ট শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সরকারি কলেজগুলোকে অঞ্চলভেদে সরকারি ও স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের অধীনে দেওয়ার নির্দেশনা দিয়েছিলেন। প্রধানমন্ত্রীর সেই নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের নিয়ে একাধিক বৈঠক করে। পরে রাজধানীর সাতটি সরকারি কলেজ ঢাবির অন্তর্ভুক্ত করা হয়। এর ফলে কলেজগুলোর ভর্তি পরীক্ষা, পাঠ্যসূচি ও পরীক্ষা পরিচালনা করছে ঢাবি।

প্রাপ্তি নং .........................
তারিখ .........................
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর